

বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটির কার্যবিবরণীঃ


সভার তারিখ : ১৬/০১/২০২৩ খ্রিঃ সময় : সকাল : ১০.০
 সভার স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
 সভাপতি : নাসিমা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান।
 টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

ক্রমিক নং	উপস্থিতির নাম	পদবী	কমিটির পদবী	স্বাক্ষর
০১	মোঃ আব্দুর রহিম	চেয়ারম্যান, আকুল্লাপুর ইউনিয়ন পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।	সদস্য	স্বাক্ষরিত
০২	হাজী দুলাল	চেয়ারম্যান, বালিগাঁও ইউনিয়ন পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।	সদস্য	স্বাক্ষরিত
০৩	মোঃ রোকনুজ্জামান সিকদার	চেয়ারম্যান, বেতকা ইউনিয়ন পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।	সদস্য	স্বাক্ষরিত
০৪	জয়নুল আলম তালুকদার	উপজেলা কৃষি অফিসার	সদস্য সচিব	স্বাক্ষরিত

প্রথমে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমাতক্রমে সদস্য সচিব বলেন যে, নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা করা প্রয়োজন।

ক্রঃ নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।	সভায় আলোচনা পর্যালোচনা শেষে কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	সভাপতি ও সদস্য সচিব, বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
০২	অসৎভাবে পণ্য দ্রব্য মজুদ করে মূল্য বৃদ্ধি না করা : উপজেলা কৃষি অফিসার, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ ও সদস্য সচিব জানান যে, বাজারে অনেক অসাধু ব্যবসায়ি রয়েছে যারা পণ্য দ্রব্য অসৎভাবে মজুদ করে পণ্য দ্রব্যের মূল্য বৃদ্ধি করছেন। ফলে ভোক্তারা সঠিক মূল্যে পণ্য ক্রয় করতে পারছে না এবং ভোক্তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে।	বাজার কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক কে সাথে নিয়ে নিয়মিত বাজার মনিটরিং করে অবৈধ্য ভাবে যেন পণ্যদ্রব্য মজুদ না করেন এবং প্রতিটি দোকানে মূল্য তালিকা টানানোর ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি ও সদস্য সচিব, বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
০৩	যেখানে সেখানে ভাসমান দোকান না বসা : সদস্য সচিব আরো জানান যে, টংগিবাড়ী বাজারের কিছু দোকানদার যেখানে সেখানে ভাসমান দোকান বসিয়ে যাতায়াতের সমস্যা সৃষ্টি করছেন।	যেখানে সেখানে বসা অবৈধ্য ভাসমান দোকান সরিয়ে যাতায়াতের সমস্যা দূর করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি ও সদস্য সচিব, বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
০৪	বিবিধ : সদস্য-সচিব জানান যে, বাজার পরিদর্শন করে দেখা যায় যে, বর্তমানে পণ্যদ্রব্যের মূল্য নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে।	নিয়মিত বাজার মনিটরিং করে বাজার মূল্য ঠিক রাখার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি ও সদস্য সচিব, বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

সভায় বিশেষ আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করা হয়।


 নাসিমা আক্তার
 উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
 টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
 ও
 সভাপতি
 বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি
 টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

২৬/১/২৩